

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৩১, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-১৬৪।—বাংলাদেশ নির্বাচন কমিশন ‘স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০’ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৪ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.২২.২১৭ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ৫নং কলামে বর্ণিত ০১ (এক) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৯ মার্চ, ২০২৪ খ্রি. হতে ০২ এপ্রিল, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

(৩২০৭)

মূল্য : টাকা ৪.০০

## “তফসিল”

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম  | ইউনিয়নের নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল  | সাধারণ পদ  |
|------|-----------|--------------|---------------|--|--|
| ১    | ২         | ৩            | ৪             | ৫  | ৬  |
| ১    | দিনাজপুর  | দিনাজপুর সদর | চেহেলগাজী     | জনাব মোঃ আরিফুল ইসলাম<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,<br>দিনাজপুর | চেয়ারম্যান, সাধারণ<br>ওয়ার্ডের সদস্য ও<br>সংরক্ষিত ওয়ার্ডের<br>সদস্যের শূন্য পদ |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address: ds\_law@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

## “ছক”

জেলার নাম : দিনাজপুর

ইউনিয়ন পরিষদের নাম: চেহেলগাজী

| ক্রম | জুডিসিয়াল<br>ম্যাজিস্ট্রেটের নাম,<br>পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর<br>নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ<br>আনয়ন করা হয়েছে<br>তার নাম ও ঠিকানা | অভিযোগের<br>তারিখ ও<br>সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের<br>বিষয়ে গৃহীত<br>ব্যবস্থার বিবরণ |
|------|---|-----------------------------|---|--|---|
| ১    | ২   | ৩                           | ৪   | ৫                                      | ৬   |
|      |   |                             |   |  |   |

৪। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, দিনাজপুর-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২ (দুই) জন সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, দিনাজপুরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুছ সালাম  
উপসচিব (আইন)।